

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৩০

পর্ব-৩: পাক-পবিত্রতা (১৯৮১)

পরিচ্ছেদঃ ১০. দ্বিতীয় অনুচ্ছেদ - তায়াম্মুম

আরবী

عَنْ أَبِي ذَرِّ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِنَّ الصَّعِيدَ الطَّيِّبَ وَضُوءُ الْمُسلم وَإِن لم يجد لاماء عشر سِنِين فغذا وجد الماء فليمسه بشره فَإِنَّ ذَلِكَ خَيْرٌ». رَوَاهُ أَحْمَدُ وَالتِّرْمِذِيُّ وَأَبُو دَاؤُدَ وَرَوَى النَّسَائِيُّ نَحْوَهُ إِلَى قَوْلِهِ: عَشْرَ سِنِين

বাংলা

৫৩০-[৫] আবৃ যার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ পাক-পবিত্র মাটি মুসলিমকে পবিত্রতার বন্ধনে আবদ্ধ করে, যদি দশ বছরও সে পানি না পায়। পানি যখন পাবে তখন সে যেন তার গায়ে পানি লাগায়। এটাই তার জন্য উত্তম। (আহমাদ, তিরমিয়ী ও আবৃ দাউদ)[1] নাসায়ীতে "যদি দশ বছরও পানি না পায়" পর্যন্ত অনুরূপ বর্ণনা করেছেন।

ফুটনোট

[1] সহীহ: আবু দাউদ ৩৩২, তিরমিযী ১২৪, ইরওয়া ১৫৩।

ব্যাখ্যা

ব্যাখ্যা: পাক মাটি মুসলিমের জন্য উয়র স্থলাভিষিক্ত, যদিও দশ বৎসর যাবৎ পানি না পাওয়া যায়।

তায়াম্মুম করে ফরয ও নফল সব রকমের সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে পারে। ইমাম খাত্ত্বাবী বলেনঃ এ হাদীস থেকে দলীল গ্রহণ করা যায় যে, তায়াম্মুমকারী একবার তায়াম্মুম করে কয়েক ওয়াক্ত সালাত (সালাত/নামায/নামাজ) আদায় করতে পারবে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন